যদি একজন শিক্ষার্থীর সেই ভাষাটি মাতৃভাষা না হয় কিন্তু তার উচ্চ স্তরের দক্ষতা থাকে, তাহলে কি সে অংশগ্রহণ করতে পারবে?
হ্যাঁ, তবে শিক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার ভাষা নবিশ মাঝারি বা তার থেকে উঁচু স্তরে পড়তে, লিখতে, কথা বলতে ও শুনে বুঝতে পারতে হবে। অনুগ্রহ করে লিংগুয়াফোলিও সেলফ অ্যাসেসমেন্ট গ্রিড দেখুন। শিক্ষার্থীদের অবশ্যই সব কাজ নিজে নিজে সম্পন্ন করতে পারতে হবে।

পরীক্ষাটি কখন হয়?
পরীক্ষাটি নভেম্বর ৬ তারিখে (নির্বাচন দিবস, শিক্ষার্থীদের জন্য বিদ্যালয় বন্ধ থাকবে) Wakefield High School-এ প্রদান করা হবে। **এই স্কুল বর্ষে কেবলমাত্র একটি প্রধান পরীক্ষার তারিখ আছে। যে সমস্ত সিনিয়রদের গ্র্যাজুয়েট হওয়ার জন্য ক্রেডিটগুলির প্রয়োজন তাদের বসন্তকালের সুযোগের জন্য বিশ্ব ভাষা অফিসের সাথে পরামর্শ করা উচিত।**

শিক্ষার্থীরা কিভাবে সাইন আপ করবেন?
শিক্ষার্থীরা অনলাইনে এখানে নিবন্ধন করতে পারেন: **http://www.apsva.us/worldlanguages**
তারপর, আপনার সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ, সময় ও স্থান জানানো হবে।

রেজিস্ট্রেশন হবে: সেপ্টেম্বর 15-অক্টোবর 13।

কোন কোন ভাষার পরীক্ষা দেওয়া যাবে?
আমেরিকান মূক ও বধিরদের ভাষা সহ বেশিরভাগ ভাষা পরীক্ষার-ভিত্তিতে-ক্রেডিটের জন্য উপলব্ধ। HILT A এবং B স্প্যানিশ ভাষাভাষী শিক্ষার্থী এবং তিগ্রিনিয়া ভাষাভাষীদের জন্য আমরা FCPS-র পরীক্ষা ব্যবহার করব যার জন্য 2টি পর্যন্ত ক্রেডিট অর্জন করা যাবে। অনুগ্রহ করে খেয়াল করবেন: দুর্ভাগ্যক্রমে, আমরা এই ভাষাগুলির জন্য পরীক্ষার সুযোগ দিতে সক্ষম হচ্ছি না: ফুলডুড, কন্নড়, মালাগাসি, ম্যাম এবং জহো-স। অসুবিধার জন্য আমরা ক্ষমাপ্রার্থী।

কিভাবে পরীক্ষার মূল্যায়ন করা হয়?
পরীক্ষা কম্পিউটারের মাধ্যমে বা পরীক্ষার ভাষায় দক্ষ এমন একজন বাইরের মূল্যায়নকারীর মাধ্যমে মূল্যায়ন করা হয়। ফলাফলগুলি চূড়ান্ত এবং তার বিরুদ্ধে আপিল করার সুযোগ নেই। নিম্নলিখিত বিষয়গুলোর উপর ভিত্তি করে ক্রেডিট দেওয়া হয়:
পরীক্ষাতে পাশ করার কারণে আমার সন্তান কি কোনো গ্রেড পাবে?
সফল হতে পারলে, আপনার সন্তান সমতুল্য কোর্স(গুলি)-এর জন্য একটি "পাস" গ্রেড পাবে যা তার ট্রান্সক্রিপ্টে

দক্ষতার স্তর	**প্রদত্ত ক্রেডিট (গুলি)**	**পরবর্তী নিয়োগ**	**পরবর্তী SFS নিয়োগ**
নবিশ মাঝারি	1.0	স্তর II	SFS II
নবিশ উচ্চ	2.0	স্তর III	SFS II
মধ্যম নিম্ন	3.0	স্তর IV	SFS III
মধ্যম মাঝারি	4.0	স্তর V (A.P-র সুপারিশ করা হয়না)	স্তর V (A.P-র সুপারিশ করা হয়না)

"P" হিসেবে লেখা থাকবে এবং যার অর্থ হবে স্তরগুলি সফলভাবে সম্পন্ন করা হয়েছে। সে কোনো লেটার গ্রেড পাবে না যা তার গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (GPA) কে প্রভাবিত করবে।

ফলাফলগুলি কিভাবে শেয়ার করা হবে?
জানুয়ারি মাসের মধ্যে বাবা-মাদের ফলাফল জানিয়ে দেওয়া হবে।

আরও তথ্য কোথায় পাওয়া যাবে?
703.228.6097 এই নম্বরে ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেসের অফিসে ফোন করুন অথবা আপনার সন্তানের স্কুলের কাউন্সেলরের সাথে কথা বলুন।

পরীক্ষার-ভিত্তিতে-ক্রেডিট এবং দ্বিভাষিক স্বাক্ষরতার সিল

2018-19

ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস অফিস

2110 Washington Blvd.
Arlington VA 22204
ফোন: 703.228.6097
apsva.us/worldlanguages

Arlington Public Schools

পরীক্ষার-ভিত্তিতে-ক্রেডিট কী?

আর্লিংটন পাবলিক স্কুলস ইংরেজি ছাড়া অন্য ভাষা বোঝার ও সে ভাষায় যোগাযোগ করতে পারার সামর্থ্য রয়েছে এমন শিক্ষার্থীদেরকে নির্বাচিত বিশ্বের ভাষার পরীক্ষার মাধ্যমে হাই স্কুলে ক্রেডিট অর্জনের জন্য সুযোগ দিয়ে থাকে। হাই স্কুলে বিদেশী ভাষায় চারটি পর্যন্ত ক্রেডিট দেওয়ার জন্য পরীক্ষার-ভিত্তিতে-ক্রেডিট শিক্ষার্থীদের বিদেশী ভাষার দক্ষতা পরিমাপ করে। আমরা অধিকাংশ ভাষার জন্য জাতীয় মানের পরীক্ষা ব্যবহার করে থাকি, যেমন STAMP, AAPPL, OPI এবং WPT। জাতীয় মানের পরীক্ষার মাধ্যমে প্রদান করা হয় না এমন অল্প কিছু ভাষার জন্য অ্যার্লিংটন পাবলিক স্কুলস (APS) এবং ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস (FCPS)-এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) রয়েছে। FCPS-এর মাধ্যমে সমস্ত পরীক্ষাগুলিতে কেবলমাত্র দুটি পর্যন্ত হাই-স্কুল ক্রেডিট অর্জন করা যেতে পারে।

পরীক্ষার-ভিত্তিতে-ক্রেডিট-এ অংশগ্রহণ করলে তা কীভাবে শিক্ষার্থীদেরকে সাহায্য করে?

শিক্ষার্থীরা যদি অ্যাডভান্সড স্টাডিজ ডিপ্লোমা (ASD) নিয়ে গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক হয়, তবে তাদেরকে বিশ্বের ভাষার ক্রেডিট অর্জন করতে হবে। এগুলি অর্জন করা যায় একটি ভাষা নিয়ে তিন বছর (3 x 1) বা দু'টি ভিন্ন ভাষা নিয়ে প্রতিটিতে দুই বছর করে (2 x 2) পড়াশুনার মাধ্যমে।

পরীক্ষার মাধ্যমে কত বিশ্বের ভাষার ক্রেডিট অর্জন করা যাবে?

পরীক্ষার ওপর ভিত্তি করে, পরীক্ষাতে প্রদর্শিত দক্ষতার স্তরের ভিত্তিতে শিক্ষার্থীরা সর্বোচ্চ চারটি পর্যন্ত ক্রেডিট অর্জন করতে পারে। ভাষাগত দক্ষতার কারণে কোনো শিক্ষার্থীকে যদি স্তর 3 বা 4 ক্লাসে রাখা হয়, তবে তারা আগের স্তরগুলির পূর্বের ক্রেডিট অর্জনের জন্য পরীক্ষা দিতে পারে। যদি কোনও শিক্ষার্থী স্তর III -এ নাম নথিভুক্ত করে এবং পরীক্ষায় 4টি ক্রেডিট অর্জন করে তাহলে তাদের ট্রান্সক্রিপ্টে কেবলমাত্র একটি অতিরিক্ত ক্রেডিট যোগ করা যাবে। **একই বিশ্বের ভাষার কোর্সের জন্য একাধিক ক্রেডিট দেওয়া যায় না।**

এই পরীক্ষায় আমার স্কোর কীভাবে আমাকে দ্বিভাষিক সাক্ষরতার সিল (Seal of Biliteracy) অর্জনে সহায়তা করবে?

2015-16 সালে নতুনভাবে, বোর্ড অফ এডুকেশন-এর সিল অফ বাইলিটারেসি, গ্র্যাজুয়েশন করা হাই স্কুলের শিক্ষার্থীদের ইংরাজির সাথে অতিরিক্ত এক বা একাধিক ভাষায় উচ্চ মাত্রার দক্ষতা অর্জনকে প্রত্যয়িত করে। যেসকল শিক্ষার্থী সমস্ত প্রয়োজনীয় কোর্স শেষের ইংরাজি মূল্যায়নে (End-of-Course Assessments in English) দক্ষ বা আরও উঁচু স্তর (11 তম গ্রেড SOL) সহ পাস করেছে এবং অন্য আরেকটি ভাষায় জাতীয় মানের কোনো পরীক্ষায় মধ্যম-মাঝারি স্তর বা তার বেশি স্কোর করেছে তাদেরকে দ্বিভাষিক সাক্ষরতার সিল (Seal of Biliteracy) প্রদান করা হয়। দ্বিভাষিক সাক্ষরতার সিল (Seal of Biliteracy) দেওয়া হয়ে থাকে এবং সেটি শিক্ষার্থীর হাইস্কুল ডিপ্লোমাতে উল্লেখ করা হয়।

কারা এটির যোগ্য এবং কীভাবে আমি জানবো যে এই পরীক্ষার জন্য আমি যথেষ্ট দক্ষ?

গ্রেড 7-12-র শিক্ষার্থীরা এটির যোগ্য এবং নিম্নলিখিতগুলির ক্ষেত্রে কমপক্ষে নবিশ মাঝারি স্তরে থাকতে হবে:

- সহজ প্রশ্ন জিজ্ঞাসা করা এবং তার উত্তর দেওয়া।
- অন্য কোনো লোকের কথার উত্তরে একটি কথাপকথনে সরল বাক্য বলতে হবে।
- সাধারণ তথ্য জানানো।
- পছন্দ এবং অপছন্দ জানাতে পারা।
- একটি সাধারণ ফর্ম পূরণ করতে পারা।
- দৈনন্দিন কাজকর্মের একটি তালিকা পড়তে ও লিখতে।

অনুগ্রহ করে **http://www.apsva.us/worldlanguages**-এ উপলভ্য সেলফ অ্যাসেসমেন্ট গ্রিডটি দেখুন।

আপনি যদি এমন একজন ছাত্র হন যিনি ESOL/HILT A এবং B গ্রহণ করছেন, তাহলে আপনি যে পরিষেবাগুলি গ্রহণ করছেন তা অবশ্যই রেজিস্ট্রেশন ফরমের উপরে উল্লেখ করুন যাতে আপনি যেন একটি ভিন্ন পরীক্ষা পান তা আমরা নিশ্চিত করতে পারি।

কাদের এই পরীক্ষা দেওয়া উচিৎ না?

- বর্তমানে লেভেল 4 বা SFS III ক্লাসে নথিভুক্ত শিক্ষার্থীরা (তারা এই পরীক্ষা দিতে পারবে বসন্তে)
- সেইসকল শিক্ষার্থী যারা পূর্ববর্তী ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ কোর্সে তাদের গ্রেড উন্নত করতে চায়।

এর জন্য কত খরচ পড়ে?

আর্লিংটন পাবলিক স্কুলের শিক্ষার্থীদের প্রথমবারের জন্য কোনো খরচ নেই। আবার পরীক্ষা দেওয়ার খরচ শিক্ষার্থী নিজে বহন করবে এবং প্রতিটি পরীক্ষার খরচ ভিন্ন-ভিন্ন।